**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 2/21/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল 10 মিলিয়ন মার্কিন ডলার ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের ষষ্ঠ রাউন্ডের মিড হাডসন বিজয়ী হিসেবে পোর্ট জার্ভিসের নাম ঘোষণা করলেন

***স্টেটের বিস্তৃত অর্থনৈতিক এবং কমিউনিটি প্রবৃদ্ধির কৌশলের একটি গুরুত্বপূর্ণ অংশ হিসাবে ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ***

***পোর্ট জার্ভিসের ডাউনটাউনকে পুনরুজ্জীবিত করতে স্টেট বাসিন্দা, সম্প্রদায়ের নেতৃবৃন্দ এবং সরকারি কর্মকর্তাদের সাথে কাজ করবে***

গভর্নর হোকল আজকে ঘোষণা করলেন যে ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের (Downtown Revitalization Initiative, DRI) ষষ্ঠ রাউন্ডের মিড হাডসন বিজয়ী হিসেবে পোর্ট জার্ভিস শহর 10 মিলিয়ন মার্কিন ডলার তহবিল পাবে। DRI রাউন্ড 6 এর অংশ হিসেবে, স্টেটের 10টি অর্থনৈতিক বিকাশ অঞ্চলের প্রতিটি 10 মিলিয়ন ডলারের তহবিল পেতে যাচ্ছে, যা ডাউনটাউনগুলোকে প্রাণবন্ত এলাকায় রূপান্তরিত করার মাধ্যমে সম্প্রদায়গুলিকে তাদের অর্থনীতি বলীয়ান করতে সাহায্য করার উদ্দেশ্যে স্টেটের তরফ থেকে মোট 100 মিলিয়ন ডলার তহবিল ও বিনিয়োগের প্রতিশ্রুতি দান করে।

"আমাদের ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ নিউ ইয়র্কজুড়ে সম্প্রদায়সমূহকে তাদের ডাউনটাউন পুনর্জীবিত করতে, তাদের অর্থনীতিকে নতুন করে শুরু করতে এবং বাসিন্দাদের সমৃদ্ধির জন্য ব্যবসা ও কর্মসংস্থান আকৃষ্ট করতে সাহায্য করছে," **গভর্নর হোকল বলেন।** "এই অর্থ দ্বারা পোর্ট জার্ভিস শহর এর ডাউনটাউনকে পুনর্জীবিত করা এবং সম্প্রদায়ের সদস্য ও দর্শনার্থী উভয়ের জন্য এর স্থানীয় অর্থনীতিকে একটি দৃষ্টিনন্দন গন্তব্য হিসেবে বিকাশ করার কাজ শুরু করবে।"

DRI ডাউনটাউনের আশেপাশের অঞ্চলগুলোকে উচ্চ মানের জীবন যাপনের সুযোগ প্রদান করে এবং ব্যবসা, কর্মসংস্থান ও অর্থনৈতিক ও আবাসনের বৈচিত্র্যকে আকৃষ্ট করে এমন একটি প্রাণবন্ত ক্রিয়াকলাপের কেন্দ্রস্থলে রূপান্তর করার মাধ্যমে স্টেটের অর্থনৈতিক উন্নয়নের নীতিমালার একটি ভিত্তি হিসেবে কাজ করছে। DRI-এর অতীতের রাউন্ডগুলির মতোই, প্রতিটি নির্বাচিত কমিউনিটি ডাউনটাউন পুনরুজ্জীবিত করার একটি ভিশন সুস্পষ্টভাবে উল্লেখ করে এবং ডাউনটাউনকে রূপান্তর করার এবং আরও বেশি বেসরকারি ও সরকারি বিনিয়োগকে কাজে লাগানোর সম্ভাবনা রয়েছে এমন কিছু স্বকীয় প্রকল্প সনাক্ত করে এমন একটি বটম-আপ,

কমিউনিটি-ভিত্তিক পরিকল্পনা প্রক্রিয়ার মাধ্যমে একটি কৌশলগত পরিকল্পনা প্রণয়ন করবে। স্টেট দপ্তর (Department of State) তারপর পুনরুজ্জীবিতকরণকে দ্রুত শুরু করার জন্য এবং কমিউনিটির ভিশনকে বাস্তবে রূপ দেওয়ার সবচেয়ে বেশি সম্ভাবনা রয়েছে এমন নির্বাচিত প্রকল্পগুলোয় DRI তহবিলের অনুদান দেবে।অর্থবছর 24 এর নির্বাহী বাজেটের অংশ হিসেবে, গভর্নর হোকল DRI এর অতিরিক্ত একটি রাউন্ডের অর্থায়নের জন্য 100 মিলিয়ন মার্কিন ডলারের প্রস্তাবনা প্রদান করেছেন।

পোর্ট জার্ভিস

পোর্ট জার্ভিস নিউ ইয়র্ক, নিউ জার্সি এবং পেনসিলভ্যানিলার সংযোগস্থলে ডেলাওয়্যার এবং নেভারসিঙ্ক নদীগুলির তীরে অবস্থিত, এটি একটি কৌশলগত অবস্থান যা স্থানীয় ও আঞ্চলিক দর্শনার্থীদেরকে শহরের ডাউনটাউনে এবং নিকটবর্তী ঘরের বাইরের সুযোগ সুবিধার প্রতি আকৃষ্ট করে। পোর্ট জার্ভিসের পুরো শহরটি হাঁটা ও বাইক চালানোর জন্য উপযুক্ত, যা বাসিন্দাদেরকে মিউনিসিপ্যাল সেবা দ্বারা সমর্থিত পরিবারকেন্দ্রিক শহুরে/সাবার্বান পরিবেশের লাভ প্রদান করে। কার্নেগি ফ্রি লাইব্রেরি (Carnegie Free Library) থেকে স্থানীয় ফার্মার্স মার্কেট ও পোর্ট জার্ভিস পরিবহন ইতিহাস কেন্দ্র (Port Jervis Transportation History Center) ও এর রেস্টুরেন্ট, পাব ও কফি শপের ব্যাপক বিকল্প পর্যন্ত পোর্ট জার্ভিসে বহুসংখ্যক সম্প্রদায়ের সেবা ও আকর্ষণ রয়েছে। শহরটি এছাড়াও এর দৃষ্টিনন্দন ল্যান্ডস্কেপজুড়ে ঘরের বাইরের বিনোদনের সুযোগ প্রদান করে, যার মধ্যে আছে 50 মাইলের বেশি দীর্ঘ ওয়াটারশেড ট্রেইল, একটি 6-মাইল ঐতিহাসিক হাঁটার ট্যুর এবং একটি 2.25 মাইল হাঁটার লুপ।

বিগত কয়েক বছর ধরে সাম্প্রতিক স্থানীয় বেসরকারি বিনিয়োগসমূহ ডাউনটাউন পুনরুজ্জীবনের গতিবেগ তৈরিতে সাহায্য করছে। পুনরুজ্জীবনের জন্য পোর্ট জার্ভিসের ভিশন হলো এরই ঐতিহাসিক নান্দনিকতাকে আধুনিক প্রযুক্তি এবং প্রক্রিয়ার সাথে সম্মিলিত করা যা জলবায়ু টেকসই করা, ব্যবসার সুযোগ ও বাসিন্দাদেরকে সমর্থন করবে, একইসাথে ডেলাওয়্যার নদী ও পাহাড়ের পাশের বুনো, দৃষ্টিনন্দন স্থান সংলগ্ন ঘরের বাইরের কর্মকাণ্ডের প্রচার করবে। ডাউনটাউন আকর্ষণসমূহকে উন্নত করে, নতুন ও বিদ্যমান ভবনে আবাসন যোগ করে, নিরাপদতর সড়ক তৈরি করে, একাধিক ধরনের পরিবহন বিকল্প বৃদ্ধি করে এবং সংযোগ ও সম্প্রদায়জুড়ে শক্তিদক্ষতা উন্নত করার মাধ্যমে গ্রামটি এর ভিশনকে বাস্তব করতে চায়।

মিড হাডসন আঞ্চলিক অর্থনীতি বিকাশ পরিষদ (Mid-Hudson Regional Economic Development Council , MHREDC) পুরো অঞ্চলের সম্প্রদায়সমূহের জমাকৃত প্রস্তাবনাসমূহের একটি পুঙ্খানুপুঙ্খ ও প্রতিযোগিতামূলক পর্যালোচনা করেছে এবং এই সম্প্রদায়গুলিকে মনোনীত হিসেবে সুপারিশ করার আগে নিচের নির্ণায়কগুলি বিবেচনা করেছে:

- ডাউনটাউনটিকে সুস্পষ্ট সীমানা সহ নিবিড় হতে হবে;
- ডাউনটাউনটি অতীতের বা ভবিষ্যতে বেসরকারি ও সরকারি বিনিয়োগের সুবিধা নিতে পারবে বা এর জন্য অনুঘটক হিসেবে কাজ করবে;
- ডাউনটাউনটির মধ্যে, বা কাছাকাছির মধ্যে সাম্প্রতিক বা আসন্ন কর্মসংস্থানের সম্ভাবনা থাকবে যা ডাউনটাউনটিতে কর্মীদের আকৃষ্ট করবে, পুনর্গঠনকে সমর্থন করবে এবং উন্নয়নকে টেকসই করে তুলবে;

- ডাউনটাউনটি বৈচিত্র্যময় জনগোষ্ঠীর জন্য একটি আকর্ষণীয় ও প্রাণবন্ত কমিউনিটি হতে হবে;
- মিউনিসিপ্যালিটি ইতিমধ্যে বাসযোগ্যতা ও জীবনযাপনের মান বৃদ্ধিকারী পলিসি তৈরি ও বাস্তবায়ন করেছে বা করার সক্ষমতা রাখে;
    - মিউনিসিপ্যালিটি একটি উন্মুক্ত এবং বলিষ্ঠ সম্প্রদায়কে জড়িত করার প্রক্রিয়া সম্পাদন করেছে যার ফলে ডাউনটাউন পুনরুজ্জীবনের একটি ভিশন এবং প্রকল্প এবং উদ্যোগসমূহের একটি প্রাথমিক তালিকা তৈরি হয়েছে;
    - মিউনিসিপ্যালিটির কাছে DRI প্রক্রিয়া সামলানোর স্থানীয় সক্ষমতা আছে; এবং
    - মিউনিসিপ্যালিটি এমন রূপান্তরমূলক প্রকল্পগুলোকে সনাক্ত করেছে যেগুলি DRI তহবিল পেলেই নিকটবর্তী-মেয়াদে বাস্তবায়নের জন্য প্রস্তুত হয়ে যাবে।

পোর্ট জার্ভিস স্থানীয় পরিকল্পনা প্রক্রিয়া অনুসরণ করে এর ডাউনটাউন এলাকাকে পুনর্জীবিত করতে এবং দীর্ঘমেয়াদি প্রবৃদ্ধির নতুন সুযোগ সৃষ্টি করতে 10 মিলিয়ন মার্কিন ডলারের স্টেট তহবিল ও বিনিয়োগ পাবে। পোর্ট জার্ভিস এখন DRI এর প্রথম পাঁচ রাউন্ডের মিড হাডসন বিজয়ী মিডলটাউন, কিংস্টোন, হ্যাভারস্ট্র এবং ওশিনিং সম্প্রদায়ের সাথে যোগ দিলো।

পোর্ট জার্ভিস 10 মিলিয়ন মার্কিন ডলার DRI তহবিল থেকে 300,000 মার্কিন ডলার পর্যন্ত পরিকল্পনা তহবিল ব্যবহার করে এর ডাউনটাউনকে পুনরুজ্জীবিত করার জন্য একটি কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা (Strategic Investment Plan) তৈরির প্রক্রিয়া শুরু করবে। মিউনিসিপ্যাল প্রতিনিধি, কমিউনিটির নেতৃবৃন্দ, ও অন্যান্য স্টেকহোল্ডারদের নিয়ে গঠিত একটি স্থানীয় পরিকল্পনা কমিটি বেসরকারি খাতের একদল বিশেষজ্ঞ ও স্টেট পর্যায়ের পরিকল্পনাকারীদের সহায়তা নিয়ে এই প্রচেষ্টায় নেতৃত্ব দেবে। কৌশলগত বিনিয়োগ পরিকল্পনায় স্থানীয় সংস্থান ও সুযোগগুলো পরীক্ষা করা হবে এবং ডাউনটাউনকে পুনরুজ্জীবিত করার কমিউনিটির ভিশনের সাথে সঙ্গতিপূর্ণ এবং বাস্তবায়ন উপযোগী অর্থনৈতিক উন্নয়ন, পরিবহন, আবাসন, ও কমিউনিটি প্রকল্পগুলো সনাক্ত করবে। কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা ডাউনটাউনের জন্য কমিউনিটির ভিশনকে অগ্রসর করবে এবং স্টেটের তরফ থেকে দেওয়া এই 10 মিলিয়ন ডলারের বিনিয়োগ কাজে লাগাতে ও সম্প্রসারণ করতে পারবে এমন পুনরুজ্জীবিতকরণ প্রকল্পগুলোতে DRI অনুদানের অর্থ বিনিয়োগের ক্ষেত্রে পথ প্রদর্শন করবে। DRI-এর ষষ্ঠ রাউন্ডের পরিকল্পনাগুলি 2023 সালে সম্পন্ন হবে।

**স্টেটের সচিব রবার্ট জে. রড্রিগেজ বলেন,** "পোর্ট জার্ভিস এর বহু ঐতিহাসিক ভবন, সম্প্রদায়ের আকর্ষণ এবং রোমাঞ্চকর ঘরের বাইরের বিনোদনমূলক সুযোগের কারণে শহরটির সম্পূর্ণ মিড হাডসন অঞ্চলের কর্মকাণ্ডের একটি কেন্দ্রীয় হাবে পরিণত হওয়ার সত্যিকারের সুযোগ রয়েছে। 10 মিলিয়ন মার্কিন ডলারের এই ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগটি বিকাশমান এই সম্প্রদায়কে এর ডাউনটাউন পুনর্জীবিত করতে এবং বাসিন্দা ও দর্শনার্থী সকলের জন্য এলাকাকে উন্নত করতে প্রয়োজনীয় সাহায্য প্রদান করবে। পোর্ট জার্ভিসের সম্পূর্ণ সম্প্রদায়কে অভিনন্দন।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) প্রেসিডেন্ট,** "প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, পোর্ট জার্ভিস নিউ ইয়র্ক স্টেটের

সেই সম্প্রদায়গুলির সাথে যোগ দিলো যারা DRI দ্বারা রূপান্তরিত হচ্ছে। ষষ্ঠ রাউন্ডের তহবিলটি এই মিড হাডসন অঞ্চল গন্তব্যের নাটকীয় রিভারফ্রন্ট অবস্থানকে কাজে লাগে এমন একটি কৌশলগত পরিকল্পনাকে সমর্থন করবে, যাতে এখানে বাস, কাজ ও খেলতে আসা মানুষকে আরো ভালোভাবে সেবাদান, সংযুক্ত করা এবং স্বাগত জানানো যায়।"

**নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়ালের (New York State Homes and Community Renewal, HCR) কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন,** "গভর্নরের DRI কর্মসূচির ষষ্ঠ রাউন্ডে পোর্ট জার্ভিসকে প্রদত্ত 10 মিলিয়ন মার্কিন ডলারের শহরকে স্থানীয় সম্পদ গঠন করার এবং এর ডাউনটাউনকে মিড হাডসন অঞ্চলের সবথেকে প্রাণবন্ত ডাউনটাউনগুলির একটিতে রূপান্তরিত করার সুযোগ প্রদান করে। এই অর্থ শহরকে নতুন আবাসন ও বাণিজ্যিক স্থান, উন্নত গণপরিবহন, এবং এর আশেপাশের দারুণ সব প্রাকৃতিক সংস্থানের সাথে কেটি কৌশলগত সংযোগের রূপে এর স্বপ্ন গঠন করতে সাহায্য করবে। অভিনন্দন!"

**MHREDC এর সহপ্রধানগণ, ওয়েস্টচেস্টার ব্যবসা পরিষদের (The Business Council of Westchester) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডাঃ মার্শা গর্ডন এবং নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY) অরেঞ্জের প্রেসিডেন্ট ক্রিস্টিনা ইয়ং বলেন,** "ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ ডাউনটাউনের এলাকাগুলিকে আকর্ষণীয় গন্তব্যে রূপান্তরিত করে, বাসিন্দা, দর্শনার্থী ও ব্যবসাসমূহের জন্য চুম্বক হয়ে উঠা একটি সম্প্রদায়ের কেন্দ্রে নতুন প্রাণসঞ্চার করে।পোর্ট জার্ভিস পানির ধার দিয়ে এর দীর্ঘ ইতিহাসকে কাজে লাগবে এবং তাদের পরিকল্পনাটি নতুন প্রজন্মের জন্য ভবিষ্যতে অনেকদিন পর্যন্ত অগণিত লাভ নিয়ে আসবে।"

**স্টেটের সিনেটর জেমস স্কোফিস বলেন,** "পোর্ট জার্ভিস একটি প্রাণবন্ত শহর যেখানে নেতৃবৃন্দ ও সম্প্রদায়ের সদস্যরা স্থিতিস্থাপকতা, বিনোদন, এবং অর্থনৈতিক সাফল্যের একটি নতুন অধ্যায় লিখতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এই 10 মিলিয়ন মার্কিন ডলারের অনুদানটি শহরের প্রচেষ্টাসমূহকে সুপারচার্জ করবে, এবং আমি এই গুরুত্বপূর্ণ জয়ের জন্য মেয়র ডেকার ও তার দলের প্রশংসা করছি এবং গভর্নর হোকলের সমর্থনের জন্য তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

**অ্যাসেম্বলি সদস্য কার্ল ব্রাবেনেক বলেন,** "পোর্ট জার্ভিস যে এর ডাউনটাউন এলাকাসমূহ পুনর্জীবিত করার জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার স্টেট তহবিল পেয়েছে তা জানতে পেরে আমি অত্যন্ত আনন্দিত। এমন ধরনের অগ্রগামী চিন্তার বিনিয়োগই নিউ ইয়র্কবাসীর জীবনে পরিবর্তন এনে দিবে, এবং আমি গর্বিত যে পোর্ট জার্ভিস এই তহবিল পাচ্ছে এবং তাদের সাথে অংশীদারিত্বের জন্য স্টেট সরকারের প্রতি কৃতজ্ঞ।"

**পোর্ট জার্ভিসের মেয়র কেলি ডেকার বলেন,** "গভর্নর হোকল, তার দল, এবং মিড হাডসন আঞ্চলিক অর্থনৈতিক বিকাশ পরিষদ, যারা আমাদের শহরের ভিশন এবং পুনর্গঠনকে সনাক্ত করেছেন, তাদের প্রতি পোর্ট জার্ভিস শহরের বাসিন্দাদের পক্ষ থেকে আমরা অত্যন্ত কৃতজ্ঞ। ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ থেকে পাওয়া 10 মিলিওলিন মার্কিন ডলার ডেলাওয়্যারের তীরে আমাদের ছোট শহর: পোর্ট জার্ভিসকে দুর্দান্তভাবে পুনরুজ্জীবিত ও উজ্জীবিত করবে।

পোর্ট জার্ভিসের উন্নয়নে বিগত কয়েক বছর ধরে অনেকেই কঠোর পরিশ্রম করেছে এবং এটি হলো "আইসিং ও দ্য কেক"।এখন সময় এসেছে এই রত্নটি (পোর্ট জার্ভিস) উজ্জ্বল করতে আরেকবার হাতা গুটিয়ে কাজে নেমে পরার!"

**ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ সম্পর্কে**
2016 সালে ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ তৈরি করা হয়েছিল রাজ্যের সব দশটি অঞ্চলের শহরতলি এবং পাড়াগুলির পুনরুজ্জীবনকে ত্বরান্বিত করতে এবং বিস্তৃত করার জন্য কার্যকলাপের কেন্দ্র এবং বিনিয়োগের জন্য অনুঘটক হিসাবে কাজ করার জন্য। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development), হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal) এবং NYSERDA-এর সহায়তায় ডিপার্টমেন্ট অফ স্টেটের নেতৃত্বে, DRI একটি অভূতপূর্ব ও উদ্ভাবনী "পরিকল্পনা-তারপর-বাস্তবায়ন" কৌশলের প্রতিনিধিত্ব করে যা তাৎক্ষণিক বাস্তবায়নের সাথে কৌশলগত পরিকল্পনা করে এবং এর ফলে কম্প্যাক্ট, হাঁটারযোগ্য ডাউনটাউন যা পাবলিক ট্রানজিটের ব্যবহার এবং ব্যক্তিগত যানবাহনের উপর নির্ভরতা হ্রাস করে রাষ্ট্রের সাহসী জলবায়ু লক্ষ্য অর্জনের পাশাপাশি নিউ ইয়র্ক স্টেটকে কোভিড-19 মহামারীর প্রভাব থেকে এর অর্থনীতি পুনর্নির্মাণে সাহয্য করার একটি মূল উপাদান।

এই কর্মসূচির প্রথম চার বছরে, স্টেট পুনরুজ্জীবিতকরণের জন্য উপযুক্ত অবস্থায় রয়েছে এবং পুনঃউন্নয়ন, ব্যবসা, কর্মসংস্থান তৈরি, বৃহত্তর অর্থনৈতিক ও আবাসন সংক্রান্ত বৈচিত্র্য, ও সুযোগ-সুবিধাকে আকৃষ্টকারীতে পরিণত হওয়ার সম্ভাবনা রয়েছে এমন 59টি ডাউনটাউনে 600 মিলিয়ন ডলার বিনিয়োগ করতে অঙ্গীকারাবদ্ধ হয়েছে। ডাউনটাউনের যোগ্যতা ও রূপান্তরণের ভিত্তিতে অংশগ্রহণকারী কমিউনিটিগুলিকে স্টেটের 10-টি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল মনোনীত করেছে। একটি ডাউনটাউন কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা প্রণয়ন এবং পুনরুজ্জীবিতকরণের জন্য কমিউনিটির ভিশনকে সামনে এগিয়ে নিবে এবং আরো বেশি বেসরকারি ও সরকারি বিনিয়োগকে কাজে লাগাবে এমন গুরুত্বপূর্ণ অনুঘটক প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য প্রতিটি কমিউনিটিকে 10 মিলিয়ন ডলার অনুদান প্রদান করা হয়েছে।

DRI এর ব্যাপারে আরো তথ্য উপলভ্য আছে এখানে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন